

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৬৭০০.০১৭.২৭.০০১.২০২০ ৭৩৫

তারিখ: ২৮ ভাদ্র, ১৪২৮
১২ সেপ্টেম্বর, ২০২১

প্রজ্ঞাপন


যেহেতু, নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলার মাহমুদপুর ইউনিয়ন পরিষদের ০২নং ওয়ার্ডের সদস্য জনাব কাইয়ুম মিয়া এর বিরুদ্ধে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ইউনিয়ন পরিষদের মাসিক সভায় ০৪/১১/২০১৮ হতে ১৬/০৩/২০২০ তারিখ পর্যন্ত মোট-১৭ (সতের)টি মাসিক সভায় অনুপস্থিত এর অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর প্রস্তাব মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ২৮/০১/২০২১ তারিখে ১২৩ নং স্মারকে তাঁকে সাময়িক বরখাস্ত করা হয়। একই সাথে কেন তাঁকে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তা পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে তার জবাব সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে এ বিভাগের প্রেরণের জন্য অনুরোধ করা হয়;

যেহেতু, নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলার মাহমুদপুর ইউনিয়ন পরিষদের ০২নং ওয়ার্ডের সদস্য জনাব কাইয়ুম মিয়া-কে কারণ দর্শানোর প্রেক্ষিতে প্রদত্ত জবাব নিজে প্রদান না করায় জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ বর্ণিত ইউনিয়ন পরিষদের সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (ক) ও (জ) ধারা মোতাবেক তার বিরুদ্ধে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেছেন;

সেহেতু, নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলার মাহমুদপুর ইউনিয়ন পরিষদের ০২নং ওয়ার্ডের সদস্য জনাব কাইয়ুম মিয়া-কে জনস্বার্থে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৪ (৪) (ক) ও (জ) ধারার অপরাধ করায় একই আইনের ৩৪ (৫) ধারা মোতাবেক তাঁকে স্থায়ী পদ হতে অপসারণ করা হলো।

০২। উপজেলা নির্বাহী অফিসার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক শূন্য ঘোষণা সংক্রান্ত গেজেট বিজ্ঞপ্তি জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


০২/০৯/২১

(মো: আবুজাফর রিপন পিএএ)
উপসচিব


ফোন: ০২২২৩৩৫৩৩৯৪
Email: up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৬৭০০.০১৭.২৭.০০১.২০২০- ৭৩৫

তারিখ: ২৮ ভাদ্র, ১৪২৮
১২ সেপ্টেম্বর, ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ০১। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। জনাব কাইয়ুম মিয়া, ইউপি সদস্য, ০২নং ওয়ার্ড (অপসারণকৃত), মাহমুদপুর ইউনিয়ন পরিষদ আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ০৮। অফিস কপি।


০২/০৯/২১
(মো: আবুজাফর রিপন পিএএ)
উপসচিব